গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা

## পরিদর্শন প্রতিবেদন

কিশোরগঞ্জ জেলার, কুলিয়ারচর উপজেলায় বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ২ দিন ব্যাপী মা সহায়ক দলের সদস্যদের প্রশিক্ষণ ও ১ দিন ব্যাপী ঘরের তৈরী শিশুর পরিপূরক খাবার বিষয়ক উঠান বৈঠক কর্যক্রম সম্পর্কিত যাচাই কার্যক্রমের পরিদর্শন প্রতিবেদন



- বিভাগের নাম: ঢাকা জেলা: কিশোরগঞ্জ উপজেলা: কুলিয়ারচর

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নাম সমূহ:

১. ফরিদপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র
২. ছয়সূতী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র
৩. রামদী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র
৪. উসমানপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র
৫. আবদুল্লাহপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র

কার্যক্রমের ধরণ:

১. মা সহায়ক দল গঠনের মাধ্যমে মাতৃ ও শিশু পুষ্টি উন্নয়ন
২. ঘরের তৈরী শিশুর পরিপূরক খাবার বিষয়ক উঠান বৈঠক

**ভূমিকা:**

কুলিয়ারচর, কিশোরগঞ্জ থেকে ৩৮ কিঃ মিঃ দূরে অবস্থিত বাংলাদেশের সর্ববৃহৎ হাওড় অঞ্চল ও অঞ্চলসংলগ্ন একটি উপজেলা, যেখানে মাতৃ ও শিশু স্বাস্থ্য ও পুষ্টি পরিস্থিতি অনেকটা অবহেলিত। এটি বাংলাদেশের একটি বৃহত্তম উপজেলা, প্রাকৃতিক দূর্যোগ প্রবণ, দূর্গোম এলাকা ও দারিদ্রপিড়ীত অঞ্চল হওয়াতে কমিউনিটি পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের সকল স্বাস্থ্য পেশাজীবী ও স্বাস্থ্যকর্মীদের দ্বারা স্বাস্থ্য শিক্ষা ও পুষ্টি কর্যক্রম পরিচালনা করতে অনেক ক্ষেত্রে বাধার সম্মূখীন হতে হয়।

উল্লেখ্য যে, এই উপজেলায় এখোন খর্বাকৃতি শিশুর সংখ্যা ৪৬.৩২%। এই জন্য বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন এই উপজেলার ৫ টি ইউনিয়নের ৫ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রনির্বাচন করে প্রাথমিকভাবে ৫ টি দুই দিন ব্যাপী মা সহায়ক দল গঠনের মাধ্যমে মাতৃ ও শিশু পুষ্টি উন্নয়ন ও ৪ টি একদিন ব্যাপী ঘরের তৈরী শিশুর পরিপূরক খাবার বিষয়ক উঠান বৈঠক কর্যক্রম পরিচালনা করা হয় যার প্রধান লক্ষ্য হলো, প্রশিক্ষিত মা সহায়ক দলের সদস্যগণের (উপ-সহকারী মেডিকেল আফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার কল্যাণ সহকারী, ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের আয়া, সফল দুগ্ধদানকারী মা, দাদী/নানী, কিশেরী, ধাত্রী, শিক্ষিকা) মাধ্যমে অত্র এলাকায় মাতৃ ও শিশু পুষ্টি উন্নয়ন ত্বরান্বিত করা।

## কার্যক্রমসমূহের সংক্ষিপ্ত বর্ণনা

## দুই দিন ব্যাপী মা সহায়ক দল গঠনের মাধ্যমে মাতৃ ও শিশু পুষ্টি উন্নয়ন কার্যক্রম

১. **প্রশিক্ষণের উদ্দেশ্য সমূহ:**

- কমিউনিটি পর্যায়ে শিশুদের মা ও যত্নকারীদের আইওয়াইসিএফ (০-২ বছর বয়সী শিশুদের খাদ্যাভাস), গর্ভবতী ও স্তন্যদানকারী মায়েদের খাদ্যাভাস, কিশোরী পুষ্টি, বিএমএস এক্ট সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি ও অনুশীলনে সহায়তা করা;
- স্বাস্থ্য ও সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মী, স্থানীয় জনগণকে মা সহায়ক দল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি;
- বিদ্যমান সরকারি স্বাস্থ্য সুবিধাগুলি সহজ প্রাপ্তির উদ্দেশ্যে রেফারেল পদ্ধত্তির উন্নয়ন।

২. **প্রশিক্ষণের পদ্ধতি সমূহ:**





- প্রশিক্ষণার্থীদের সাথে মতবিনিময়;
- প্রশিক্ষণ সম্পর্কিত কুইজ প্রশ্ন উত্তর পর্ব;
- মা সহায়ক দল গঠনের প্রশিক্ষণ ম্যানুয়াল/ ফ্লিপচার্ট এর মাধ্যমে নির্বাচিত বিষয়ে (গর্ভাবস্থায় মায়ের পুষ্টির চাহিদা, গর্ভস্থ শিশুর শারীরিক ও মানসিক বিকাশ, দুগ্ধদানকারী মায়েদের পুষ্টির চাহিদা ও করণীয়, আইওয়াইসিএফ, গুড়া দুধের ক্ষতিকর দিক, বিশেষ সময়ে দুগ্ধদান, পারিবারিক বাড়তি/ সম্পূরক খাবার ইত্যাদী) প্রষিক্ষণ প্রদান;
- প্রশিক্ষণ পরবর্তী প্রশ্ন উত্তর পর্ব;
- প্রয়োজনীয় উপকরণ (জিএমপি ব্যানার, ফ্লিপ চার্ট, রেসিপি বুক, পুতুল, ব্রেস্ট মডেল, ব্যাগ, রেজিষ্টার খাতা) বিতরণ;
- পরবর্তী দিন হাতে কলমে পারিবারিক পুষ্টিকর খাবার রান্নার পদ্ধতি সম্পর্কে শিক্ষা প্রদান।



৩. **প্রশিক্ষণের ফলাফলসমূহ:**

- মা সহায়ক দলের প্রশিক্ষিত সদস্যরা নিয়মিত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পাশাপাশি কমিউনিটিতে সেবা প্রদান করেন;
- মা সহায়ক দলের প্রশিক্ষিত সদস্যদের মাধ্যমে গর্ভবতী ও প্রসূতি মায়েরা স্বাস্থ্য ও পুষ্টি সম্পর্কিত সেবা ও পরামর্শ পাবেন।

**মা সহায়ক দল গঠনের মাধ্যমে মাতৃ ও শিশু পুষ্টি উন্নয়ন কার্যক্রমের ছবিসমূহ:**

| | |
|---|---|
|  |  |
| বিবিএফ কর্মকর্তা মোঃনুরুল আবছার মা সহায়ক দলের প্রোগ্রামটি পরিচালনা করেন UH & FWC, ফরিদপুর,উপজেলা-কুলিয়ারচর,জেলা-**কিশোরগঞ্জ** | বিবিএফ কর্মকর্তাবাসুদেব মন্ডল মা সহায়ক দলের প্রোগ্রামটি মাতৃদুগ্ধপানের উপকারিতা অংশগ্রহণকারীদের বুঝিয়ে বলেন। |
|  |  |
| বিবিএফ কর্মকর্তা মোঃনুরুল আবছার মা সহায়ক দলের প্রোগ্রামটিতে লজিষ্টিক বিতরণ করেন অংশগ্রহণকারীদের মাঝে। | প্রশিক্ষণ পরবর্তী মূল্যয়ন |
|  |  |
| বিবিএফ কর্মকর্তা মোঃনুরুল আবছার সঠিক বাচ্চাকে মায়ের বুকের দুধ খাওয়ানোর অবস্থান ও সংস্থাপন সঠিক পদ্ধতি অংশগ্রহণকারীদেও দেখিয়ে দেন। | বিবিএফ পরিচালিত প্রশিক্ষণের গ্রুপ ছবি |

| | |
|---|---|
|  |  |
| ডিম খিচুড়ী ও ডিম সুজি রন্ধন প্রণালী বিষয়ক প্রশিক্ষণ | বিবিএফ কর্মকর্তা মোঃনুরুল আবছার মায়ের দুধের উপকারিতাঅংশগ্রহণকারীদের বুঝিয়ে বলেন। |
|  |  |
| মা সহায়ক দলের প্রোগ্রামের ডিম খিচুড়ী ও ডিম সুজী রন্ধন প্রক্রিয়া | ডিম খিচুড়ী ও ডিম সুজি রন্ধন উপকরণ |
|  |  |
| খাওয়ার অনুশীলন ডিম খিচুড়ী ও ডিম সুজি। | বিবিএফ কর্মকর্তা মোঃনুরুল আবছার MUAC পরিমাপ করলেন বাচ্চাদের |

|  |  |
| --- | --- |
| বিবিএফ কর্মকর্তা মোঃনুরুল আবছার ডিম খিচুড়ী ও ডিম সুজি বিতরণ করলেনঅংশগ্রহণকারীদের মাঝে। | খাওয়ার অনুশীলন ডিম খিচুড়ী ও ডিম সুজি। |

**ফিডব্যাক:**

১. প্রাপ্ত প্রশিক্ষণ ও উপকরণ পেয়ে সবাই অনেক খুশি, আংশগ্রহণকারী এবং উপ-সহকারী মেডিকেল আফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার কল্যাণ সহকারী, ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য স্বীকার করেছেন যে এরকম প্রোগ্রাম তারা আগে কখনো পায়নি;

২. অংশগ্রহনকারীরা ডিম খিচুড়ী ও ডিম সুজির রন্ধন প্রণালী অনেক পছন্দ করেছেন এবং তারা এ পুষ্টিসমৃদ্ধ খাবার বাসায় তৈরি করবেন বলে জানিয়েছেন;

৩. অংশগ্রহণকারীরা প্রিল্যাকটিক্যাল ফিডিং ও গুঁড়ো দুধের অপকারিতা সম্পর্কে জানতে পেরেছেন;

৪. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব নুর মাহমুদ প্রোগ্রাম আয়োজন করতে অনেক সহযোগিতা করেছেন ও বিবিএফ কে অনেক ধন্যবাদ দিয়েছেন এ ধরনের প্রোগ্রাম আয়োজন করার জন্য;

৫. মা সহায়ক দলের প্রোগ্রাম পেয়ে সব্ই অনেক খুশি তারা ভবিষ্যতে এই দলের কার্যক্রম অব্যাহত রাখবেন বলে অংশগ্রহণকারীবৃন্দ জানান।

**সুপারিশ:**

১. পর্যায়ক্রমে জেলার সকল পরিবার পরিকল্পনা কেন্দ্রকে এ কার্যক্রমের আওতায় আনতে হবে;

২. ঘরে তৈরী শিশুর পরিপূরক খাবার বিষয়ক উঠান বৈঠকের ব্যাপ্তি বাড়াতে হবে;

৩. দুগ্ধদানকারী প্রসূতী মা, শিশু যত্নকারী ও শাশুড়িদের এই কার্যক্রমের আওতায় আনতে হবে।

৩০.১১.২০১৬

মাহবুবা বিলকিস
উপসচিব
চিকিৎসা শিক্ষা-২ শাখা
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।